

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স-৪৯০৩

আগরতলা, ২০ ফেব্রুয়ারি, ২০২৪

সদর ও মোহনপুর মহকুমার ভারত-বাংলাদেশ
সীমান্তে জনসাধারণের চলাচলে বিধিনিষেধ

জনজীবনে শান্তি ও নিরাপত্তা বজায় রাখার লক্ষ্যে পশ্চিম ত্রিপুরা জেলার জেলাশাসক ভারতীয় ফৌজদারি দন্ডবিধি ১৯৭৩-র ১৪৪ ধারা অনুযায়ী পশ্চিম জেলার অন্তর্গত সদর ও মোহনপুর মহকুমার ভারত-বাংলাদেশ সীমান্তের ৫০০ মিটারের মধ্যে জনসাধারণের চলাচলের উপর কিছু বিধিনিষেধ আরোপ করেছেন। এই বিধিনিষেধ রাত ৮টা থেকে পরদিন সকাল ৫টা পর্যন্ত বলবৎ থাকবে। তবে আইন শৃঙ্খলা রক্ষার কাজে নিযুক্ত সামরিক, আধা সামরিক এবং পুলিশ বাহিনীর সদস্যগণ, পশ্চিম জেলার পুলিশ সুপার এবং সদর ও মোহনপুর মহকুমার মহকুমা শাসকদের দেওয়া বৈধ অনুমতিপ্রাপ্ত ব্যক্তি, জরুরী সরকারি কাজে নিয়োজিত সরকারি কর্মচারি এবং অবিলম্বে চিকিৎসা প্রয়োজন এমন ব্যক্তির এই বিধিনিষেধের আওতার বাইরে থাকবেন। এই বিধিনিষেধ ২০ ফেব্রুয়ারি, ২০২৪ থেকে কার্যকর হয়েছে এবং তা ১৯ এপ্রিল, ২০২৪ পর্যন্ত বলবৎ থাকবে। এই আদেশ অমান্যকারীর বিরুদ্ধে আইপিসি'র ১৮৮ ধারা অনুযায়ী শাস্তিমূলক ব্যবস্থা নেওয়া হবে।
